# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৩১. ভাইয়ের লাশ দেখতে মানা (المنع عن رؤية جثة الأخ)

হযরত হামযার বোন ছাফিয়া বিনতে আব্দুল মুত্ত্বালিব ছুটে এসেছেন ভাইয়ের লাশ শেষবারের মত দেখার জন্য। কিন্তু রাসূলুল্লাহ (ছাঃ) পুত্র যুবায়েরকে বললেন, তিনি যেন তার মাকে ফিরিয়ে নিয়ে যান। কিন্তু তিনি বাধা না মেনে বলেন, কেন বাধা দিচ্ছ। আমি শুনেছি, আমার ভাইয়ের নাক-কান কাটা হয়েছে। وَذَلِكَ فِي اللهِ ‘আর তা হয়েছে আল্লাহর পথে’। তাতে আমি সম্পূর্ণ সন্তুষ্ট রয়েছি। لَأَحْتَسِبَنَ وَلَأَصْبِرَنَ إِنْ شَآءَ اللهُ ‘আল্লাহ চাহেন তো আমি এতে ছওয়াব কামনা করব এবং অবশ্যই ধৈর্য ধারণ করব’। একথা শোনার পর রাসূল (ছাঃ) তাকে অনুমতি দেন। অতঃপর তিনি ভাইয়ের লাশের কাছে পৌঁছেন এবং তার জন্য দো‘আ ও ক্ষমা প্রার্থনা করেন।[1]

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৯৭; সনদ যঈফ (তাহকীক ইবনু হিশাম ১১৭১); আল-বিদায়াহ ৪/৪২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5481

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন